

আহ্বান
শিক্ষা সহায়ক কার্যক্রম
ও সংস্কৃতি বিষয়ক কমিটি

৩/১২

মুক্তিযুদ্ধ জাদুঘর

LIBERATION WAR MUSEUM

Plot# F-11/A-B, Civic Sector, Agargaon
Sher-E- Banglanagar, Dhaka-1207, Bangladesh

Institutional Member of AAM

Founder Member of International Coalition of Sites of Conscience

Phone : 880-2-914-2781-3, 880-2-914-2777 (Dir), Fax : 880-2-914-2780

e-mail : mukti.jadughar@gmail.com

Web: www.liberationwarmuseumbd.org

সর্বসাধারণের সহযোগিতায় স্থাপিত নাগরিকজনের প্রতিষ্ঠান

স্মারক নং - মু-জা/০৩-২১/০১৫

তারিখ : ০৫ মার্চ ২০২১

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ

মিরপুর - ১, ঢাকা

বিষয়ঃ শিক্ষার্থীদের দ্বারা ১ মিনিটের চলচ্চিত্র নির্মাণ-কৌশল বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালা।


জনাব,

আপনারা জেনে আনন্দিত হবেন যে, ২০২১ সালের এপ্রিলে মুক্তিযুদ্ধ জাদুঘর নবমবারের মতো “আন্তর্জাতিক মুক্তি ও মানবাধিকার বিষয়ক প্রামাণ্যচিত্র” উৎসব আয়োজন করতে যাচ্ছে। উৎসবে স্কুল-কলেজের শিক্ষার্থীদের দ্বারা নির্মিত ১ মিনিট দৈর্ঘ্যের চলচ্চিত্র নিয়ে একটি আলাদা বিভাগ থাকবে। ১ মিনিট দৈর্ঘ্যের চলচ্চিত্র নির্মাণের মূল উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের চলচ্চিত্র শিল্পমাধ্যম বিষয়ে অগ্রহী করে তোলা, যাতে নবীন শিক্ষার্থীরা তাদের ভবিষ্যৎ শিক্ষা ও কর্মজীবনে এই কারিগরী জ্ঞান কাজে লাগাতে পারে। এমনি প্রয়াস ঘিরে ২০১৯ সালের এপ্রিল মাসে আয়োজিত সপ্তম চলচ্চিত্র উৎসবে আমরা প্রতিযোগিতার আয়োজন করেছিলাম। এই বিভাগে চলচ্চিত্র নির্মাণের বিষয় হিসেবে কোনো মুক্তিযোদ্ধার সাথে একদিন, বধ্যভূমিতে একদিন অথবা মুক্তিযুদ্ধ জাদুঘরে একদিন এই তিনটি বিষয় নির্ধারণ করা হয়েছিল।

২০২১ সালের উৎসব ঘিরে ১ মিনিটের চলচ্চিত্র নির্মাণ উদ্যোগ আমরা এবার আরো জোরদার করতে চাই। এবছর বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালিত হচ্ছে। পাশাপাশি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর আয়োজনও চলমান রয়েছে। সেই লক্ষ্য সামনে রেখেই ছাত্রছাত্রীরা তাদের হাতে সহজলভ্য স্মার্টফোন কাজে লাগিয়ে কীভাবে বাংলাদেশের গৌরবোজ্জ্বল ইতিহাসের ঘটনা ঘিরে এক মিনিটের চলচ্চিত্র নির্মাণ করতে পারে সেটা হাতে-কলমে শিখিয়ে দেয়ার প্রয়াস আমরা নিতে চাই।

এই উদ্দেশ্যে আগামী ৮ ও ৯ মার্চ ২০২১, সকাল সাড়ে নয়টা থেকে বিকেল চারটা পর্যন্ত মুক্তিযুদ্ধ জাদুঘরে ঢাকা জাদুঘরের পরিপার্শ্ব ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী নিয়ে দুই দিনব্যাপী ১ মিনিটের চলচ্চিত্র নির্মাণ কর্মশালা অনুষ্ঠিত হবে। দুইদিনের এই কর্মশালায় আপনার প্রতিষ্ঠানের ন্যূনতম ৫জন শিক্ষার্থীর অংশগ্রহণ প্রত্যাশা করছি।

ধন্যবাদান্তে,


(মফিদুল হক)
ট্রাস্টি

Celebrating the 23rd Anniversary March 22, 2019

Founder Trustees : Dr. Sarwar Ali □ Aly Zaker □ Rabiul Husain □ Ziauddin Tariq Ali □ Sara Zaker
□ Asaduzzaman Noor □ Mofidul Hoque & Akku Chowdhury

NGO Bureau registration no. 1007